গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
প্রবিধি অনুবিভাগ
প্রবিধি-৩ শাখা
website: www.mof.gov.bd

নং-০৭.০০.০০০০.১৭৩.৩৪.০৮৩.২৪-**১৬৫**

তারিখ: ০৯/০৩/১৪৩২ ব.
২৩/৬/২০২৫ খ্রি.

**প্রজ্ঞাপন**

সরকারি চাকরি আইন, ২০১৮ এর ১৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় বেতনস্কেল এর আওতাভুক্ত সরকারি-বেসামরিক, স্ব-শাসিত এবং রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানসমূহ, ব্যাংক, বীমা ও আর্থিক প্রতিষ্ঠান, বর্ডার গার্ড বাংলাদেশ ও পুলিশ বাহিনীতে নিয়োজিত কর্মচারী এবং পুন:স্থাপনকৃত পেনশনারগণসহ পেনশনভোগী ব্যক্তিবর্গের জন্য ১ জুলাই ২০২৫ তারিখ হতে 'বিশেষ সুবিধা' প্রদান সংক্রান্ত অর্থ বিভাগের ০৩ জুন ২০২৫ তারিখের নং-০৭.০০.০০০০.১৭৩.৩৪.০৮৩.২৪-১৪৭ নম্বর প্রজ্ঞাপনটি নিম্নরূপ সংশোধন করা হলো:

(ক) উক্ত প্রজ্ঞাপনের ১ম অনুচ্ছেদের "এ 'বিশেষ সুবিধা' চাকরিরতদের ক্ষেত্রে নূন্যতম ১,০০০ (এক হাজার) টাকা এবং পেনশন ভোগীদের ক্ষেত্রে নূন্যতম ৫০০ (পাঁচ শত) টাকা হারে প্রদেয় হবে।" শব্দগুচ্ছ নিম্নোক্ত শব্দগুচ্ছ দ্বারা প্রতিস্থাপিত হবে:

"এ 'বিশেষ সুবিধা' চাকরিরতদের ক্ষেত্রে নূন্যতম ১,৫০০ (এক হাজার পাঁচ শত) টাকা এবং পেনশনভোগীদের ক্ষেত্রে নূন্যতম ৭৫০ (সাত শত পঞ্চাশ) টাকা প্রদেয় হবে।";

(খ) উক্ত প্রজ্ঞাপনের অনুচ্ছেদ ২-এর উপানুচ্ছেদ (গ) নিম্নোক্ত অনুচ্ছেদ দ্বারা প্রতিস্থাপিত হবে:

"(গ) পেনশন পুন:স্থাপনকৃত কর্মচারীগণসহ সরকার হতে পেনশন গ্রহণকারী কর্মচারীগণের ক্ষেত্রে যেসকল পেনশনারের প্রাপ্য মাসিক পেনশনের পরিমাণ ১৭,৩৮৯/- টাকা ও তদূর্ধ্ব, তাঁরা ১০% হারে এবং যে সকল পেনশনারের প্রাপ্য মাসিক পেনশন ১৭,৩৮৮/- টাকা ও তদনিম্ন, তাঁরা ১৫% হারে 'বিশেষ সুবিধা' প্রাপ্য হবেন।"

২। জনস্বার্থে এ প্রজ্ঞাপন জারি করা হলো এবং ০১ জুলাই ২০২৫ তারিখ হতে এটি কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

২৩/০৬/২০২৫
(দিলরুবা শাহীনা)
অতিরিক্ত সচিব, অর্থ বিভাগ

নং-০৭.০০.০০০০.১৭৩.৩৪.০৮৩.২৪-**১৬৫**

তারিখ: ০৯/০৩/১৪৩২ ব.
২৩/৬/২০২৫ খ্রি.

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'ল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০২। বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অডিট ভবন, ৭৭/৭ কাকরাইল , ঢাকা (তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের অনুরোধসহ)।
০৩। সিনিয়র সচিব/সচিব----------------------------------------------------------মন্ত্রণালয়/বিভাগ (সকল) (তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের অনুরোধসহ)।
০৪। হিসাব মহা-নিয়ন্ত্রক, হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা (তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের অনুরোধসহ)।

০৫। কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স (সিজিডিএফ) ১ম-১২ তলা সরকারি অফিস ভবন, সেগুন বাগিচা, ঢাকা (তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের অনুরোধসহ)।

০৬। অতিরিক্ত সচিব ----------------------------------------- (সকল), অর্থ বিভাগ।

০৭। মহাপরিচালক, মনিটরিং সেল, অর্থ বিভাগ।

০৮। অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলপথ ভবন, ঢাকা (তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের অনুরোধসহ)।

০৯। বিভাগীয় কমিশনার-------------------------------(সকল) (তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের অনুরোধসহ)।

১০। উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাও, ঢাকা (পরবর্তী গেজেটে প্রকাশের অনুরোধসহ)।

১১। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা --------------------------------------(সকল)।

১২। মাননীয় অর্থ এবং বিজ্ঞান ও প্রযুক্তি উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়।

১৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।

১৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, অর্থ বিভাগ (অর্থ বিভাগের ওয়েব সাইটে আপলোড করার অনুরোধসহ)।

১৫। অফিস কপি।

১৩/৬/২০২৫

**(মোসা: শরীফুন্নেসা)**
উপসচিব
ফোন:০২৯৫১৪৪৮৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
প্রবিধি অনুবিভাগ
প্রবিধি-৩ শাখা
website: www.mof.gov.bd

নং-০৭.০০.০০০০.১৭৩.৩৪.০৮৩.২৪-১৪৭

২০/০২/১৪৩২ ব.
তারিখ: ---------------------
০৩/৬/২০২৫ খ্রি.

**প্রজ্ঞাপন**

সরকারি চাকরি আইন, ২০১৮ এর ১৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় বেতনস্কেল এর আওতাভুক্ত সরকারি-বেসামরিক, স্ব-শাসিত এবং রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানসমূহ, ব্যাংক, বীমা ও আর্থিক প্রতিষ্ঠান, বর্ডার গার্ড বাংলাদেশ ও পুলিশ বাহিনীতে নিয়োজিত কর্মচারী এবং পুন:স্থাপনকৃত পেনশনারগণসহ পেনশনভোগী ব্যক্তিবর্গের জন্য ১ জুলাই ২০২৫ তারিখ হতে বেতনগ্রেড ভেদে (গ্রেড ১ এবং তদূর্ধ্ব হতে গ্রেড ৯ পর্যন্ত) ১০% এবং (গ্রেড ১০ হতে গ্রেড ২০ পর্যন্ত) ১৫% হারে 'বিশেষ সুবিধা' প্রদান করা হ'ল। এ 'বিশেষ সুবিধা' চাকরিরতদের ক্ষেত্রে ন্যূনতম ১০০০ (এক হাজার) টাকা এবং পেনশন ভোগীদের ক্ষেত্রে ন্যূনতম ৫০০ (পাঁচশত) টাকা হারে প্রদেয় হবে।

২। এ বিশেষ সুবিধা নিম্নরূপভাবে কার্যকর হবেঃ

(ক) ০১ জুলাই ২০২৫ তারিখ হতে প্রতিবছর ০১ জুলাই তারিখে প্রাপ্য মূল বেতনের ওপর গ্রেড ১ ও তদূর্ধ্ব হতে গ্রেড ৯ এর অন্তর্ভুক্ত চাকুরিরত কর্মচারীগণ ১০% হারে এবং গ্রেড ১০ হতে গ্রেড ২০ এর অন্তর্ভুক্ত চাকুরিরত কর্মচারীগণ ১৫% হারে 'বিশেষ সুবিধা' প্রাপ্য হবেন।

(খ) অবসর-উত্তর ছুটিতে (PRL) থাকা কর্মচারীগণ PRL গমণের পূর্বকালীন সর্বশেষ প্রাপ্ত মূল বেতনের ভিত্তিতে উপর্যুক্ত (ক) অনুচ্ছেদে বর্ণিত গ্রেডভিত্তিক হারে 'বিশেষ সুবিধা' প্রাপ্য হবেন।

(গ) পেনশন পুন:স্থাপনকৃত কর্মচারীগণসহ সরকার হতে পেনশন গ্রহণকারী কর্মচারীগণ পেনশনের বিদ্যমান অংশের উপর উপর্যুক্ত (ক) অনুচ্ছেদে বর্ণিত গ্রেডভিত্তিক হারে 'বিশেষ সুবিধা' প্রাপ্য হবেন।

(ঘ) যে সকল অবসর গ্রহণকারী কর্মচারী তাদের গ্রস পেনশনের ১০০% অর্থাৎ সম্পূর্ণ অংশ সমর্পণ করে এককালীন আনুতোষিক উত্তোলন করেছেন এবং এখনও পেনশন পুন:স্থাপনের জন্য উপযুক্ত হননি তাদের ক্ষেত্রে এ 'বিশেষ সুবিধা' প্রযোজ্য হবে না।

(ঙ) জাতীয় বেতনস্কেলে নির্ধারিত কোনো গ্রেডে সরকারি কর্মচারি চুক্তিভিত্তিক নিয়োগের ক্ষেত্রে চুক্তিভিত্তিক নিয়োগের অব্যবহিত পূর্বে সর্বশেষ আহরিত তার মূল বেতনের ভিত্তিতে এ সুবিধা প্রযোজ্য হবে। তবে শর্ত থাকে যে, এরূপ চুক্তিভিত্তিক নিয়োজিত ব্যক্তি পেনশনভোগী হলে পেনশনের বিদ্যমান অংশ অথবা চুক্তিভিত্তিক নিয়োজিত হওয়ার অব্যবহিত পূর্বের সর্বশেষ আহরিত মূল বেতনের ভিত্তিতে যে কোনো এক ক্ষেত্রে এ সুবিধা প্রাপ্য হবেন।

(চ) সাময়িক বরখাস্তকৃত কর্মচারীগণ সাময়িক বরখাস্ত হওয়ার তারিখের অব্যবহিত পূর্বের মূল বেতনের ৫০% (অর্ধেক) এর উপর উপর্যুক্ত (ক) অনুচ্ছেদে বর্ণিত গ্রেডভিত্তিক হারে 'বিশেষ সুবিধা' প্রাপ্য হবেন; এবং

(ছ) বিনা বেতনে ছুটিতে (Leave without pay) থাকাকালীন কর্মচারীগণ এ 'বিশেষ সুবিধা' প্রাপ্য হবেন না।

৩। সরকারের রাজস্ব বাজেট হতে প্রদত্ত অনুদানে পরিচালিত প্রতিষ্ঠান ব্যতীত অন্যান্য স্ব-শাসিত সংস্থা ও রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান এবং ব্যাংক, বীমা ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের কর্মচারীদের ক্ষেত্রে, যারা জাতীয় বেতনস্কেল ২০১৫ এর আওতাভুক্ত, এ 'বিশেষ সুবিধা' প্রদান বাবদ প্রয়োজনীয় ব্যয় সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহের নিজস্ব বাজেট হতে মেটাতে হবে।

৪। অর্থ বিভাগের আদেশ নং ০৭.০০.০০০০.১৬১.৯৯.০১০.২৩-১৩২, তারিখ: ১৮/০৭/২০২৩ এতদ্বারা বাতিল করা হ'ল।

৫। জনস্বার্থে এ প্রজ্ঞাপন জারি করা হলো এবং ০১ জুলাই ২০২৫ তারিখ হতে এটি কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

০৩/০৬/২০২৫

(দিলরুবা শাহীনা)
অতিরিক্ত সচিব, অর্থ বিভাগ

চলমান পাতা

নং-০৭.০০.০০০০.১৭৩.৩৪.০৮৩.২৪-১৪৭

২০/০২/১৪৩২ ব.
তারিখ: ----------------------
০৩/৬/২০২৫ খ্রি.

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'ল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০২। বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অডিট ভবন,৭৭/৭ কাকরাইল , ঢাকা (তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের অনুরোধসহ)।
০৩। সিনিয়র সচিব/সচিব----------------------------------------------------------মন্ত্রণালয়/বিভাগ (সকল) (তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের অনুরোধসহ)।
০৪। হিসাব মহা-নিয়ন্ত্রক, হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা (তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের অনুরোধসহ)।
০৫। কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স (সিজিডিএফ) ১ম-১২ তলা সরকারি অফিস ভবন, সেগুন বাগিচা, ঢাকা (তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের অনুরোধসহ)।
০৬। অতিরিক্ত সচিব ------------------------------------------ (সকল), অর্থ বিভাগ।
০৭। মহাপরিচালক, মনিটরিং সেল, অর্থ বিভাগ।
০৮। অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলপথ ভবন, ঢাকা (তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের অনুরোধসহ)।
০৯। বিভাগীয় কমিশনার-------------------------------(সকল) (তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের অনুরোধসহ)।
১০। উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাও, ঢাকা (পরবর্তী গেজেটে প্রকাশের অনুরোধসহ)।
১১। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা --------------------------------------(সকল)।
১২। মাননীয় অর্থ এবং বিজ্ঞান ও প্রযুক্তি উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়।
১৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
১৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, অর্থ বিভাগ (অর্থ বিভাগের ওয়েব সাইটে আপলোড করার অনুরোধসহ)।
১৫। অফিস কপি।

৩/৬/২০২৫

(মোসা: শরীফুন্নেসা)
উপসচিব
ফোন:০২৯৫১৪৪৮৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ,অর্থ মন্ত্রণালয়
প্রবিধি অনুবিভাগ
প্রবিধি-৩ শাখা
Website:www.mof.gov.bd

নং-০৭.০০.০০০০.১৭৩.৩৪.০৮৩.২৪-২০০

তাং ১৫/০৪/১৪৩২ব.
৩০/০৭/২০২৫খ্রি.

বিষয়ঃ টাইমস্কেল/সিলেকশন গ্রেড/উচ্চতর গ্রেড প্রাপ্ত কর্মচারীদের বিশেষ সুবিধা প্রদানের ক্ষেত্রে বিবেচ্য গ্রেড নির্ধারণ।

নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, অর্থ বিভাগের ০৩/০৬/২০২৫ তারিখের ১৪৭ ও ২৩/০৬/২০২৫ তারিখের ১৬৫ নং প্রজ্ঞাপনমূলে জারীকৃত 'বিশেষ সুবিধা' প্রদানের ক্ষেত্রে 'গ্রেড' বলতে টাইমস্কেল/সিলেকশন গ্রেড/উচ্চতর গ্রেড প্রাপ্তিজনিত স্কেল/গ্রেড-এর পরিবর্তে সংশ্লিষ্ট পদের জন্য প্রযোজ্য Substantive গ্রেড বুঝাবে।

(সৈয়দ আলী বিন হাসান)
উপসচিব
ফোনঃ ৫৫১০০১৮৩

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য প্রেরিত হলঃ-

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।/মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২। বাংলাদেশের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়, অডিট ভবন, ৭৭/৭ কাকরাইল, ঢাকা (তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল)।
৩। সিনিয়র সচিব/সচিব -------------------------(সকল মন্ত্রণালয়/বিভাগ) (তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল)।
৪। হিসাব মহানিয়ন্ত্রক, হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা (তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল)।
৫। কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স, কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স এর কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা (তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হল)।
৬। অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে, রেল ভবন, ঢাকা (তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হল)।
৭। জাতীয় কর্মসূচি পরিচালক, এসপিএফএমএস কর্মসূচী, ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন, বাংলাদেশ (আইইবি), শহীদ প্রকৌশলী ভবন (৫ম তলা) সদর দপ্তর, রমনা, ঢাকা (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৮। বিভাগীয় কমিশনার (সকল)--------------------------------।
৯। অর্থ বিভাগের সকল অনুবিভাগ-------------------------------।
১০। জেলা প্রশাসক (সকল)--------------------------------------। (তাঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল)।
১১। মাননীয় অর্থ উপদেষ্টার একান্ত সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২। সচিব মহোদয়ের একান্ত সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, এফএসএমইউ, অর্থ বিভাগ (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
১৪। অফিস কপি।